

আশিকুর রহমান শান্ত | দেশজুড়ে | 18 June, 2025

ভোলা পৌর বিএনপির উদ্যোগে পুরাতন সদস্য নবায়ন ও নতুন সদস্য সংগ্রহ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে মঙ্গলবার (১৭ জুন) সকাল ১১টায় শহরের উকিলপাড়া নাইটকোচ বাসস্ট্যান্ড চত্বরে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে পৌর বিএনপির সভাপতি মোঃ আবদুর রব আকন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভোলা জেলা বিএনপির আহ্বায়ক গোলাম নবী আলমগীর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির সদস্য সচিব মোঃ রাইসুল আলম, যুগ্ম আহ্বায়ক শফিউর রহমান কিরন, যুগ্ম আহ্বায়ক এনামুল হক, যুগ্ম আহ্বায়ক মোঃ হুমায়ুন কবির সোপান, উপজেলা বিএনপির সদস্য সচিব হেলাল উদ্দিন, পৌর বিএনপির ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ফরহাদ হোসেন মনির, জেলা কৃষক দলের সভাপতি আব্দুর রহমান সেন্টু, জেলা স্বচ্ছসেবক দলের আহ্বায়ক মিজানুর রহমান মাসুদ, জেলা মহিলা দলের সভাপতি খালেদা খান সহ জেলা বিএনপির অন্যান্য সদস্যবৃন্দরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে জেলা বিএনপির আহ্বায়ক আলহাজ্ব গোলাম নবী আলমগীর বলেন, আমাদের একটি সদস্য ফরম ২০ টাকা কিন্তু আমরা যাকে তাকে দিতে পারি না। ত্যাগী সং লোকদের এই ফরম সংগ্রহ করার জন্য আহ্বান জানাই এই ফরমের সম্মান অমূল্য রতন।

উপস্থিত বক্তারা আরো বলেন, বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়া ও তারেক রহমানের হাত কে শক্তিশালী করতে সদস্য সংগ্রহ চলছে, আগামী জাতীয় সংসদ নির্বাচনে জনগণের ভোটের মাধ্যমে ভোলা-১ আসন থেকে আলহাজ্ব গোলাম নবী আলমগীরকে সংসদ সদস্য নির্বাচিত করাই হবে আমাদের প্রধান লক্ষ্য। সংগঠনকে আরও সুসংগঠিত করে আন্দোলন ও নির্বাচনের জন্য প্রস্তুতি নিচ্ছে বিএনপি।

বিএনপি